

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা।
(doulatkhan.bhola.gov.bd)

০৮ আগস্ট ২০২৩ 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব' এর ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : পাঠান মোঃ সাইদুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা।
স্থান : সম্প্রসারিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন এর ৪র্থ তলা, দৌলতখান
তারিখ : ০২ আগস্ট, ২০২৩, সময়: সকাল ১১:৩০ ঘটিকা।
সভায় উপস্থিতি : 'পরিশিষ্ট-ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার শুরুতে ০৮ আগস্ট ২০২৩ 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব' এর ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার ০৪ জুলাই, ২০২৩ খ্রি. তারিখের ১৮০ নম্বর স্মারকের মাধ্যমে প্রেরিত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১১ জুন, ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার এবং জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের কার্যালয়ের গত ২৭/০৭/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভাপতি পাঠ করে শোনান। প্রাপ্ত কার্যবিবরণী এবং গত বছরে গৃহীত কর্মসূচি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র. নং	তারিখ ও সময়	কর্মসূচি	ব্যবস্থাপনায়
০১	০৮/০৮/২০২৩ সকাল ১০:০০টা	গণভবন প্রাপ্ত থেকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নগদ সহায়তা প্রদান ও অসম্বল নারীদের মধ্যে সেলাই মেশিন বিতরণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠান উপভোগী।	১। সহকারী কমিশনার (ভূমি) - আহবায়ক ২। সহকারী প্রোগ্রামার, DoIct - সদস্য ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - সদস্য ৪। উপজেলা শিক্ষা অফিসার - সদস্য ৫। উপজেলা যুব কর্মকর্তা - সদস্য
০২	০৮/০৮/২০২৩ সকাল ১১:০০টা	বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা। প্রতিপাদ্য (বাংলা): সংগ্রাম-স্বাধীনতা প্রেরণায় বঙ্গমাতা প্রতিপাদ্য (ইংরেজি): Bangamata's Inspiration Revolution and Liberation. স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দৌলতখান	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - আহবায়ক ২। উপজেলা যুব উন্নয়ন অফিসার - সদস্য ৩। উপজেলা সমাজসেবা অফিসার - সদস্য

সিদ্ধান্তসমূহ:

- ১। বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, দৌলতখান থানা, ভোলা-কে অনুরোধ করা হয়।
- ২। উপজেলা পর্যায়ের সকল দপ্তরের সরকারি কর্মকর্তা/কর্মচারীগণকে ০৮, আগস্ট ২০২৩ তারিখ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে উপজেলা পর্যায়ে গৃহীত সকল কর্মসূচিতে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত আমন্ত্রিত ব্যক্তিবর্গসহ সর্বস্তরের জনসাধারণের সর্বাঙ্গিক অংশগ্রহণসহ সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

পাঠান মোঃ সাইদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতখান, ভোলা।

ফোন: +৮৮০২৪৭৮৮৯৬৩২০

E-mail: unodaulatkhan@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯২৯.০০০.২৩.০১৫.২১.৫০০

তারিখ: ১৮ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
০২ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. মাননীয় সংসদ সদস্য, ১১৬, ভোলা-২।
২. জেলা প্রশাসক, ভোলা।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।
৫. অফিসার ইনচার্জ, দৌলতখান থানা, ভোলা।
৬. উপজেলা কর্মকর্তা, দৌলতখান, ভোলা।
৭. বীর মুক্তিযোদ্ধা , দৌলতখান, ভোলা।
৮. জনাব , দৌলতখান, ভোলা।
৯. অফিস নথি (সংরক্ষণার্থে)